92

# দৈনিক খবর

তারিখ 29 SEP 1991
পৃষ্ঠা ৭ কলাম ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় গাড়ী ভাংচুর ।। অগ্নিসংযোগ

।। বিশ্ব বিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি এলাকায় গতকাল একদল বিক্ষুব্ধ যুবক তিনটি গাড়ী ভাংচুর ও তাতে অগ্নিসংযোগ করে। এ সময় সাধারণ ছাত্র-ছাত্রীরা সন্ত্রস্ত হয়ে পড়ে।

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

রংপুরে হাবিবুজ্জামান হাবিব হত্যার প্রতিবাদে গতকাল জাসদ সমর্থিত ছাত্রলীগ (না-শ) টিএসসি এলাকায় একটি বিক্ষোভ মিছিল বের করে। এক পর্যায়ে বিক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীরা তিনটি গাড়ী ভাংচুর করে এবং একটিতে অগ্নিসংযোগ করে। ক্ষতিগ্রস্ত গাড়ীগুলো হচ্ছে ঢাকা গ-৬৭৭৬, ঢাকা -গ- ৭৭৮৪ এবং ঢাকা মেট্রো- ৬৩-৩৭১২। পরে অগ্নিসহযোজিত গাড়ীটির আগুন নেভানো হয়।

ছাত্রলীগ (না-শ) কর্মীদের নাশকতামূলক ঘটনার সময় সমস্ত টিএসসি এলাকায় আতঙ্ক ছড়ায়ে পড়ে। আতঙ্কিত সাধারণ ছাত্র-ছাত্রীদের এদিক ওদিক ছোটাছুটি করতে দেখা গেছে।

এদিকে ভাংচুরের ঘটনার পর গতকাল বিশ্ব বিদ্যালয় ক্যাম্পাসের প্রবেশ দ্বারে ও বিশ্ব বিদ্যালয় এলাকায় পুলিশী প্রহরা জোরদার করা হয়েছে।